দৈনিক বাংলা

তারিখ ৮-৯/৮১

পৃষ্ঠা ........ কলাম ........

060

# এবার ৬ শ খাল খনন করা হবে

এ বছর ৬০০ নয়া খাল খনন করা হবে, আগামী নবেম্বর থেকে খনন কাজ শুরু হবে। গত বছর ৮৬৫টি এবং তার আগের বছর ১৯৩টি খাল খনন করা হয়েছে। চলতি বছর ও পূর্ববর্তী বছরেরগুলো মিলিয়ে দেশে খননকৃত মোট খালের সংখ্যা দাঁড়াবে ১০৫৮টি।

সোমবার বাসসর এক খবরে জানা গেছে যে প্রত্যেক জেলায় অন্ততঃ ৩০টি করে খাল খনন করা হবে। তবে বান্দরবন ও পার্বত্য চট্টগ্রামে খনন করা হবে ১০টি করে।

এসব নয়া খাল ছাড়াও ১৯৭৯-৮০ ও ১৯৮০-৮১ সালে খননকৃত মোট ১০৫৮টি খাল সংস্কার ও রক্ষণাবেক্ষণ ১৯৮১-৮২-র পরবর্তী পর্যায়ে এক গুরুত্বপূর্ণ দায়িত্ব হয়ে দাঁড়াবে,

অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার প্রত্যেক জেলায় একজন করে মন্ত্রীকে এসব প্রকল্প দেখাশুনার দায়িত্ব দিয়েছেন। তিনি ভবিষ্যতে আরো জোরেশোরে খাল খনন কর্মসূচী অব্যাহত রাখার নির্দেশ দেন।

অস্থায়ী প্রেসিডেন্ট ইতিমধ্যেই কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে পাঁচ লাখ মন গম বরাদ্দ করেছেন। খাল খননের মোট ব্যয়ের এটা শতকরা ৯৫ ভাগ বলে হিসেব ধরা হচ্ছে।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

স্থানীয় প্রশাসন, সংসদ সদস্য ও জননেতাদের সহযোগিতায় খাল খনন কর্মসূচীর সমন্বয় সাধন করবেন। ইউনিয়ন পরিষদ, স্বনির্ভর গ্রাম সরকার, গ্রাম প্রতিরক্ষা দল, স্বেচ্ছাসেবী সংগঠন, শিক্ষাপ্রতিষ্ঠান, আনসার, পুলিশ ও সর্বস্তরের জনগণ প্রকল্প বাস্তবায়নের ব্যাপারে সক্রিয় ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

প্রকল্পের যথাযথ বাস্তবায়নের জন্য প্রশাসনের বিভিন্ন পর্যায়ে বাস্তবায়ন সেল গঠন করা হবে।